



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

ফোন : ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল : dgmbcbd@krishibank.org.bd

জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিবর্তন ২০২০-২০২২ অনুমায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত ৪র্থ প্রান্তিকে (এপ্রিল-জুন ২০২২) অংশীজনের সাথে মণ্ডলীয় বিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ ইসমাইল হোসেন, ব্যবস্থাপনা পরিচালক
তারিখ ও সময় : ২২.০৫.২০২২, সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাঙ্গাইল (উ)।
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে জনাব জামিল হোসেন, সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এর সম্মেলনায় সভার কার্যক্রম শুরু হয়। শুদ্ধাচার চর্চা ও দুনীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজের সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠার উদ্দেশ্যে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের শুদ্ধাচার কর্মপরিবর্তন প্রণয়ন করা হয়েছে। সভার শুরুতে শুদ্ধাচার ও নৈতিকতার গুরুত্ব তুলে ধরে বাংলাদেশ কৃষি ব্যাংকের গৃহীত পদক্ষেপ সংক্ষিপ্ত বর্ণনা করেন।

০২। সভাপতি মহোদয়ের স্বাগত ভাষণঃ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত (এপ্রিল-জুন ২০২২) ৪র্থ প্রান্তিকে অংশীজনের অংশ গ্রহণের সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্যের শুরুতেই সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম না হলে আমরা স্বাধীন দেশে আজ এত বড় বড় সরকারি চাকুরি করতে পারতাম না। সভায় উপস্থিত হওয়ার জন্য সকল অংশীজনকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত (এপ্রিল-জুন ২০২২) ৪র্থ প্রান্তিকে অংশীজনের অংশ গ্রহণের সভা আয়োজনের আয়োজকদের ধন্যবাদ জানানো হয়।

আমাদের নীতি নৈতিকতার মান উন্নয়নের চেষ্টা করতে হবে। গ্রাহক-বান্ধব পরিবেশ সৃষ্টি করতে হবে। ব্যাংকিং কার্যক্রমে কোন ধরণের অনিয়ম করা যাবে না। অত্যন্ত সচেতনতার সাথে কাজ করতে হবে। গ্রাহকদের সম্মান করতে হবে। ভালোবাসা দিয়ে কোনরকম বিঘ্নতা বিহীন নিরবচ্ছিন্ন গ্রাহকসেবা প্রদানের মাধ্যমে নিজের এবং প্রতিষ্ঠানের সুনাম বাড়াতে হবে। ফলে সমাজে আমাদের প্রিয় প্রতিষ্ঠান বাংলাদেশ কৃষি ব্যাংক এবং তার কর্মীদের প্রশংসা বৃদ্ধি পাবে। আর এভাবেই আমাদের গ্রাহকের সংখ্যা বৃদ্ধি পাবে। গ্রাহকদের স্বচ্ছতার সাথে সর্বোচ্চ সেবা দিয়ে সুদবিহীন ও কমসুদবাহী আমানত সংগ্রহের বিষয়ে আলোচনা করা হয়।

বর্তমানে প্রতিযোগিতামূলক ব্যাংকিং ব্যবস্থায় টিকে থাকতে আমাদের সক্ষমতা বৃদ্ধির কোন বিকল্প নেই। এজন্য আমাদের উদ্যোগ, উদ্যম ও উদ্ভাবনী শক্তির সমন্বয়ের মাধ্যমে স্কীল ডেভেলপমেন্টসহ সার্বিক প্রস্তুতি গ্রহণ করতে হবে। মার্কেটিং জোরদার করতে হবে। মানুষের সাথে মিশে যেতে হবে। “বাংলাদেশ কৃষি ব্যাংক, গণ মানুষের ব্যাংক” এ কথাটির স্বার্থক রূপায়ন নিশ্চিত করতে হবে, তবেই বিকেবি কে একটি লাভজনক, আদর্শ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে পারব। এই সত্য আমাদের সকলের চিন্তে লালন করতে হবে।

০৩। প্রধান অতিথির ভাষণঃ সভার প্রধান অতিথি জনাব মৃত্যুঞ্জয় সাহা, যুগ্মসচিব, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, পরিচালনা পর্ষদ উপস্থিত জনসাধারণ, গ্রাহক, ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করেন। স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সর্বোত্তম গ্রাহক সেবা নিশ্চিত করার জন্য সকল কর্মকর্তা কর্মচারীর প্রতি নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি জনসাধারণ ও গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। দায়িত্বশীল আচরণের মাধ্যমে ব্যাংকের সেবার মান যাচাই করে কোন অভিযোগ বা পরামর্শ থাকলে তা ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের অনুরোধ করেন। ব্যাংক ব্যবস্থাপনাকে প্রাপ্ত অভিযোগ ও পরামর্শসমূহ যথাযথভাবে গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে সেবার মান উন্নয়নের আহবান জানান।

০৪। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

০১. গ্রাহকের সাতটি মৌলিক তথ্য সিবিএস এ হালনাগাদের কাজ দ্রুত শেষ করতে হবে।
০২. উত্তম সেবা নিশ্চিত করতে গ্রাহক সেবার মান উন্নয়ন করতে হবে।
০৩. সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করতে হবে।
০৪. গ্রাহক-অসন্তোষ্টি থাকলে তার কারণ খুঁজে বের করে তা দূর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫. শুদ্ধাচার ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে হয়রানীমুক্ত, গ্রাহকবান্ধব ব্যাংকিং পরিবেশ বজায় রাখতে হবে। শাখা ব্যবস্থাপক কর্তৃক মাঠকর্মীদের কর্মকান্ড নিবিড় তদারকী করতে হবে।
০৬. কৃষি ও কৃষকের উন্নয়নে আন্তরিকতার সাথে কাজ করতে হবে।
০৭. বাংলাদেশ কৃষি ব্যাংকের সুনাম বৃদ্ধির জন্য সকলকে একযোগে সৎ ও নিষ্ঠার সাথে কাজ করতে হবে।

প্রান্তিক কৃষকদের সুদখোর মহাজনদের হাত থেকে রক্ষা করার জন্য বঙ্গবন্ধুর প্রতিষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক কাজ করছে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে বাংলাদেশ কৃষি ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত (এপ্রিল-জুন ২০২২) ৪র্থ প্রান্তিকে অংশীজনের অংশ গ্রহনের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিকতার সাথে কাজ করার আহ্বান জানান। টিম স্পিরিট, সততা ও দক্ষতার সাথে দায়িত্ব পালনের মাধ্যমে ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে দৃঢ় প্রতিজ্ঞ হওয়ার পরামর্শ দিয়ে উপস্থিত সম্মিত গ্রাহকদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত (এপ্রিল-জুন ২০২২) ৪র্থ প্রান্তিকের অংশীজনের অংশ গ্রহনের সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




(মোঃ ইসমাইল হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/শানিবাউবি-৮(অংশ-৯)২০২১-২০২২/১২৫৪

তারিখঃ ২৭.০৬.২০২২

অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল উপ মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়, ঢাকা বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল কর্পোরেট শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১২। নথি/মহানথি।



(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)